৩। ত্রিবেনী এক নদী আছে, যাসনা রে সেই নদীর কাছে।
তথায় মদনা চোরা ফাঁদ পতেছে, বাঁধবি অমনি পেলি।।
৪। প্রেম সাগরের নিস্কাম চরে, বেড়াওরে আনন্দ ভরে।
তথায় চরা কর নিহার ধরে, ঘুচ্‌বে মনের কালি।।
৫। আমার গুরুচাঁদের পোষাপাখী, হৃদয় পিঞ্জরে থাকি।
এবার অশ্বিনীর মন কর সুখী, বলে হরি বুলি।।

## ১৬০ নং গান, তাল-একতালা

রতি মতি রেখো গুরু পতির পায়'
অচলা নিষ্ঠা রতি গুরুর প্রতি রাখরে মন মুনরায়।।

১। চিন্তাকর গুরু পতি, ঘটবে অবলার রীতি,
দিবা রাতি থাক সাধনায়।
করলে গুরুচাঁদের সঙ্গে প্রেম পিরীতি, হবে মহা ভাবোদয়।।

২। গুরুপতি করলে সঙ্গ, জুড়াবে তাপিত অঙ্গ,
অনঙ্গ হবে পরাজয়।
শেষে প্রাপ্ত হবি প্রেমানন্দ, থাকবি আনন্দে সদায়।।

৩। গুরুপতি করলে দয়া, অষ্টপাশে মহামায়া,
পাশ ছেড়ে হইবে বিদায়।
সেই শান্তিপুরে জ্যোতির ঘরে, থাকবিরে যুগল সেবায়।।

৪। জিহ্‌বা লিঙ্গ কর্ণ যোনী, গুরু শিষ্য সুযোগ জানি,
মধুর রতি করবে যে সময়।
শেষে মহামন্ত্র বীর্যদানে, হবে নিষ্কাম পুত্রোদয়।।

৫। গুরুর বাক্য ঐক্য করি, ছেড়ে দাও ব্যভিচারী,
অশ্বিনী বলি যে তোমায়।
স্বামী মহানন্দ প্রাণ পতি, তোর প্রতি আছে সদয়।।